



**AUSTRALIAN HIGH COMMISSION
BANGLADESH**

10 June 2020

More Australian Citizens Return Home on a Third Flight

The Australian High Commission in Dhaka has arranged a third flight to help Australian citizens, permanent residents and their immediate families return to Australia. A non-scheduled Sri Lankan Airlines flight departed Hazrat Shahjalal International Airport on 10 June, with 182 Australians and their families on board. The flight also carried two New Zealand citizens who will transit Australia to New Zealand.

Since 16 April, some 700 Australians have returned home with the assistance of the High Commission.

At the airport, Australian High Commissioner Jeremy Bruer farewelled departing passengers. A number of High Commission staff assisted to ensure the process went smoothly.

“We’ve been doing everything we can to help Australians to return home as the effects of the COVID-19 pandemic continue to be felt around the world. We’re grateful to Sri Lankan Airlines for helping us arrange this third flight. We’re also grateful for the generous assistance provided by the Ministry of Foreign Affairs, the Civil Aviation Authority of Bangladesh, local law enforcement agencies and airport officials,” the High Commissioner said.

Since the COVID-19 pandemic began, the Australian Government has helped over 23,000 Australians to return home from overseas, including from cruise ships and by using one-off arrangements with commercial airlines.

=====

Australian High Commission
184 Gulshan Avenue, Gulshan 2, Dhaka 1212, Bangladesh

Email: ahc.dhaka@dfat.gov.au | website: www.bangladesh.embassy.gov.au

তৃতীয় ফ্লাইটে আরও অস্ট্রেলিয়ান নাগরিক দেশে ফিরেছে

অস্ট্রেলিয়ান হাই কমিশন ঢাকা তৃতীয় একটি বিশেষ বিমানের ব্যবস্থা করেছে অস্ট্রেলিয়ান নাগরিক, স্থায়ী বাসিন্দা এবং তাদের পরিবারদের অস্ট্রেলিয়া ফিরিয়ে নিয়ে যাওয়ার জন্য। শ্রীলঙ্কান এয়ারলাইন্সের একটি বিশেষ বিমান, ১০ই জুন, ১৮২ জন অস্ট্রেলিয়ান নাগরিক ও তাদের পরিবারকে নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়। বিমানটিতে দু'জন নিউজিল্যান্ড নাগরিক ছিলেন যারা অস্ট্রেলিয়া হয়ে নিউজিল্যান্ড যাবেন।

১৬ই এপ্রিল থেকে, এই পর্যন্ত প্রায় ৭০০ অস্ট্রেলিয়ান দেশে ফিরে গেছে অস্ট্রেলিয়ান হাই কমিশনের সহায়তায়।

বিমানবন্দরে, অস্ট্রেলিয়ান হাই কমিশনার জেরেমি ক্রয়ার যাত্রীদের বিদায় জানান। পুরো প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিমানবন্দরে অস্ট্রেলিয়ান হাই কমিশনের কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

“কোভিড - ১৯ মহামারীটির প্রভাব বিশ্বজুড়ে বজায় থাকার কারণে আমরা অস্ট্রেলিয়ানদের দেশে ফিরে আসতে সহায়তা করার জন্য যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছি। এই তৃতীয় বিমানের ব্যবস্থা করতে আমাদের সহায়তা করার জন্য আমরা শ্রীলঙ্কান এয়ারলাইন্সের কাছে কৃতজ্ঞ। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রণালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা এবং বিমানবন্দর কর্মকর্তাদেরকে তাদের আন্তরিক সাহায্যের জন্য ধন্যবাদ,” বলেন হাইকমিশনার।

কোভিড - ১৯ মহামারী শুরু হওয়ার পর অস্ট্রেলিয়া সরকার প্রায় ২৩,০০০ অস্ট্রেলিয়ান নাগরিককে বিদেশ থেকে দেশে ফিরে আসতে সাহায্য করেছে যার মধ্যে রয়েছে জাহাজ ও বাণিজ্যিক বিমান সংস্থাগুলোর সাথে সাথে এক-কালীন ব্যবস্থার মাধ্যমে।

=====